

বিসমিল্লাহির রহমানির রাহীম

# "মানবসেবা, আস্থা ও অগ্রযাত্রার পথে চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল"

## চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল এর ৪৫তম বার্ষিক সাধারণ সভায় ট্রেজারার এর বক্তব্য

**অধ্যক্ষ ড. মোহাম্মদ সানাউল্লাহ**
**ট্রেজারার, চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল এন্ড ট্রাস্টি বোর্ড।**

মাননীয় প্রেসিডেন্ট
কার্যনির্বাহী কমিটির সম্মানিত সদস্য/সদস্যাবৃন্দ, আজীবন সদস্য/ সদস্যাবৃন্দ, ডোনার, চিকিৎসকগণ, পৃষ্ঠপোষক ও উপস্থিত সুধী মন্ডলী আসসালামু আলাইকুম।
চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের ৪৫তম বার্ষিক সাধারণ সভায় আপনাদের সকলকে জানাচ্ছি আন্তরিক শুভেচ্ছা ও স্বাগতম । আজকের এই বার্ষিক সাধারণ সভায় ট্রেজারার হিসেবে আপনাদের সামনে উপস্থিত হতে পেরে আমি নিজেকে সৌভাগ্যবান মনে করছি। চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল শুধু একটি স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠান নয়, এটি একটি মানবিক আন্দোলন, একটি সামাজিক দায়বদ্ধতার প্রতীক এবং অসংখ্য মানুষের আশা-ভরসার কেন্দ্র। প্রতিষ্ঠার পর থেকে আপনাদের ভালোবাসা, সহযোগিতা এবং ত্যাগের মাধ্যমেই এই প্রতিষ্ঠান আজকের অবস্থানে পৌঁছেছে। তাই সবার শুরুতে আমি গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করছি হাসপাতালের প্রতিষ্ঠালগ্ন থেকে আজ পর্যন্ত যারা হাসপাতালের কার্যক্রমে বিভিন্নভাবে সম্পৃক্ত থেকে হাসপাতালের উন্নয়ন ও অগ্রগতিতে অবদান রেখেছেন এবং রেখে যাচ্ছেন। আমি বিশেষভাবে ধন্যবাদ জানাচ্ছি হাসপাতালের কার্যনির্বাহী কমিটির সম্মানিত সদস্যবৃন্দ, হাসপাতাল ও মেডিকেল কলেজের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ যারা হাসপাতালের কার্যক্রমে সর্বাত্মকভাবে সহযোগিতা করেছেন এবং করে যাচ্ছেন।

সম্মানিত উপস্থিতি
একজন ট্রেজারার হিসেবে ২০২৪-২০২৫ অর্থবছরের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন আপনাদের সামনে উপস্থাপন করা আমার জন্য একই সাথে অত্যন্ত আনন্দের এবং গুরুদায়িত্বের। বিগত চার দশকেরও বেশি সময় ধরে এই প্রতিষ্ঠান চট্টগ্রামের অবহেলিত ও সাধারণ মানুষের চিকিৎসাসেবায় এক অনন্য বাতিঘর হিসেবে কাজ করে আসছে। আপনাদের আস্থা ও সহযোগিতার ফলেই আমরা প্রতি বছর আমাদের সেবার মান ও পরিধি বাড়াতে পারছি। বিগত অর্থবছরে হাসপাতালের আয় ও ব্যয়ের খাতগুলো পর্যালোচনা করলে দেখা যায়, আমরা একটি ভারসাম্যপূর্ণ আর্থিক শৃঙ্খলা বজায় রাখতে পেরেছি। চিকিৎসা সরঞ্জাম আধুনিকায়ন, দরিদ্র ও অসচ্ছল রোগীদের বিনামূল্যে চিকিৎসা সুবিধা প্রদান এবং হাসপাতালের দৈনন্দিন পরিচালন ব্যয় নির্বাহের পরও আমরা একটি সন্তোষজনক অবস্থানে রয়েছি। তবে, একটি সেবামূলক প্রতিষ্ঠান হিসেবে আমাদের লক্ষ্য কেবল মুনাফা অর্জন নয় , বরং প্রতিটি আয়ের সুষম বণ্টন নিশ্চিত করে সেবার মানও বৃদ্ধি করা। আমরা সে লক্ষেই আমাদের যাবতয়ি পরিকল্পনা সাজিয়েছি। আশা করি এর সুফল আমরা সবাই পেতে থাকব।

সম্মানিত আজীবন সদস্যবৃন্দ
আমি আপনাদের সামনে একটি অত্যন্ত আনন্দের ও স্বস্তির খবর অত্যন্ত গর্বের সাথে ঘোষণা করতে চাই। আমাদের দীর্ঘদিনের প্রচেষ্টা এবং জাতীয় রাজস্ব বোর্ডের (NBR) সদয় বিবেচনায় একটি যুগান্তকারী মাইলফলক অর্জিত হয়েছে। জাতীয় রাজস্ব বোর্ড (NBR) সম্প্রতি এস.আর.ও. নং ২১৩-আইন/আয়কর-৪/২০২৬ জারি করেছে। এই প্রজ্ঞাপনের মাধ্যমে চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালকে এমন একটি বিশেষায়িত প্রতিষ্ঠানের আওতাভুক্ত করা হয়েছে, যেখানে যে কোনো করদাতা বা দানকারী ব্যক্তি/প্রতিষ্ঠান অনুদান প্রদান করলে, সেই দানের বিপরীতে তারা সরাসরি আয়কর রেয়াত (Tax Rebate) পাবেন।
এই ঐতিহাসিক সিদ্ধান্তের ফলে আমাদের ফান্ড রাইজিং বা তহবিল সংগ্রহের ক্ষেত্রে এক বিশাল সম্ভাবনার দুয়ার খুলে গেল। এখন থেকে দেশের বড় বড় কর্পোরেট হাউস, ব্যবসায়ী গোষ্ঠী এবং দানশীল ব্যক্তিবর্গ কর রেয়াতের সুবিধা নিয়ে অত্যন্ত সাগ্রহে আমাদের হাসপাতালে অনুদান দিতে পারবেন। আমি আন্তরিকভাবে ধন্যবাদ জানাই গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, সরকারের অর্থ মন্ত্রনালয়, জাতীয় রাজস্ব বোর্ড এবং সংশ্লিষ্ট সকলকে এই মহান সিদ্ধান্ত নেওয়ার জন্য। সেই সাথে উপস্থিত সকলকে অনুরোধ করবো প্রত্যকে যার যার জায়গা থেকে বিষয়টি সমাজে যারা আর্থিকভাবে সচ্ছল রয়েছেন তাদের কাছে উপস্থাপনের মাধ্যমে হাসপাতালের জন্য আরো অনুদান সংগ্রহের প্রচেষ্টা চালাবেন। এতে আপনাদের সহযোগিতায় আমাদের প্রতিষ্ঠান আরো অনেক দূর এগিয়ে যাবে এবং আমাদের আর্থিক ভীত আরো শক্ত হবে।

সম্মানিত সুধীবৃন্দ
অদ্যকার বার্ষিক সাধারণ সভায় উপস্থাপিত নিরীক্ষিত হিসাবের বিবরণী দেশের খ্যাতনামা অডিট ফার্ম রহমান রহমান হক (চার্টার্ড অ্যাকাউন্টেন্স) কর্তৃক নিরীক্ষা পূর্বক উপস্থাপন করা হয়েছে। আপনারা আমাদের উপরে যে দায়িত্ব অর্পণ করেছেন আমরা স্বচ্ছতা ও জবাবদিহিতার সাথে সে দায়িত্ব পালনের জন্য সর্বাত্মকভাবে চেষ্টা করে যাচ্ছি। আপনাদের পরামর্শ/ সুপারিশ আমরা সাদরে গ্রহণ করার জন্য প্রস্তুত আছি।

পরিশেষে, আমি আপনাদের সকলের প্রতি গভীর কৃতজ্ঞতা প্রকাশ করছি।

আসুন, আমরা সবাই মিলে চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালকে শুধু বাংলাদেশের নয়, বরং দক্ষিণ এশিয়ার অন্যতম শ্রেষ্ঠ মানবিক স্বাস্থ্যসেবা ও চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠানে পরিণত করার স্বপ্ন বাস্তবায়নে একযোগে কাজ করি।

মানবসেবা হোক আমাদের অঙ্গীকার, মানবকল্যাণ হোক আমাদের প্রেরণা, আর একটি উন্নত, আধুনিক ও মানবিক স্বাস্থ্যব্যবস্থা গড়ে তোলাই হোক আমাদের সম্মিলিত লক্ষ্য।

আসসলামু আলাইকুম ওয়া রহমাতুল্লাহ।
পরবর্তী পৃষ্ঠায় হাসপাতাল ও মেডিকেল কলেজের আর্থিক প্রতিবেদন আলাদা আলাদা ভাবে উপস্থাপন করা হয়েছে।

অধ্যক্ষ ড. মোহাম্মদ সানাউল্লাহ
বি.কম (অনার্স), এম.কম. (হিসাব বিজ্ঞান),
এম.কম. (অর্থ বিজ্ঞান), চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
ট্রেজারার, চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল এন্ড ট্রাস্টি বোর্ড।

CamScanner

# চট্টগ্রাম মা-শিশু ও জেনারেল হাসপাতালের-জুন'২০২৫ইং পর্যন্ত আর্থিক প্রতিবেদন।

১। বিগত ২০-০৬-২০২৬ইং তারিখে কার্যনির্বাহী কমিটি জুন'২০২৫ইং পর্যন্ত নিরীক্ষা প্রতিবেদন এবং আর্থিক কর্মকান্ডের সারসংক্ষেপ সাধারণ সভায় উপস্থাপনের জন্য অনুমোদন করেছেন। নির্বাহী কমিটির সভায় অনুমোদিত আর্থিক কর্মকান্ডের সারসংক্ষেপ নিম্নরূপ ঃ

ক. স্থিতিপত্র ঃ

| | ২০২৪-২০২৫ | ২০২৩-২০২৪ | প্রবৃদ্ধি | শতকরা হার |
|---|---|---|---|---|
| | টাকা | টাকা | | |
| নীট পরিসম্পদ | ১৭৯,০৭,৯২,১৪১ | ১৭৩,১৩,২৯,৪৯৪ | | |
| যোগ পুঞ্জিভূত অবচয় | ৯২,৫১,৭০,৬৫৯ | ৭১,৯৬,৮৭,৩৪০ | | |
| মোট | ২৭১,৫৯,৬২,৮০০ | ২৪৫,১০,১৬,৮৩৪ | ২৬,৪৯,৪৫,৯৬৬ | ১০.৮১% |
| **খ. আয় ব্যয়ের হিসাব ঃ** | | | | |
| নীট আয় | (২,৬৯,৮৭,৯৭৪) | (৪,৭০,৫১,৯৬১) | | |
| যোগ অবচয় | ২০,৫৪,৮৩,৩১৮ | ২০,১৮,১৬,৩৭৯ | | |
| মোট | ১৭,৮৪,৯৫,৩৪৪ | ১৫,৪৭,৬৪,৪১৮ | | |
| বিয়োগ বিলম্বিত আয় | ১,০৮,১৯,৯১৫ | ৪৪,২৮,২৭৭ | | |
| | ১৬,৭৬,৭৫,৪২৯ | ১৫,০৩,৩৬,১৪১ | ১,৭৩,৩৯,২৮৮ | ১১.৫৩% |
| **গ. নগদ আয় ঃ** | | | | |
| হাসপাতাল সূত্রে | ১১৬,১৩,৪৭,৫৭৪ | ৯৯,৩৫,১৬,৮৭৮ | | |
| অন্যান্য সূত্রে | ৬৯,৩০,৮০,১৪০ | ১১০,৪৫,০০,৯০৪ | | |
| মোট | ১৮৫,৪৪,২৭,৭১৪ | ২০৯,৮০,১৭,৭৮২ | (২৪,৩৫,৯০,০৬৮) | ১১.৬১% |

২. বিগত জুন' ২০২৫ইং পর্যন্ত সাধারণ সভায় অনুমোদিত বাজেট বরাদ্দ এবং প্রকৃত প্রাপ্তি/প্রদান পরিস্থিতি নিম্নরূপ ঃ

| | মূলধণী খাতে | দাতব্য খাতে | রাজস্ব খাতে | সর্বসাকূল্যে |
|---|---|---|---|---|
| **ক. আয় ঃ** | | | | |
| প্রাক্কলিত | {৪,৫০,০০,০০০} | ৩,০০,০০,০০০ | ১৭৮,৭৯,০০,০০০ | ১৮১,৭৯,০০,০০০ |
| অর্জিত | {৪,৫৪,৩৪,০০০} | ৭৬,৮৬,০০০ | ১৬৮,৩৬,৮৯,০০০ | ১৬৯,১৩,৭৫,০০০ |
| উদ্বৃত্ত / (ঘাটতি) | {৪,৩৪,০০০} | (২,২৩,১৪,০০০) | (১০,৪২,১১,০০০) | (১২,৬৫,২৫,০০০) |
| **খ. ব্যয় ঃ** | | | | |
| বরাদ্দ | ১০১,০০,০০,০০০ | ২,০০,০০,০০০ | ১৫৪,৫৩,৫০,০০০ | ২৫৭,৫৩,৫০,০০০ |
| প্রদান | ১৯,৮৮,৩১,০০০ | ১৪৩,৬৫,০০০ | ১৪৩,৫৯,৮৫,০০০ | ১৬৪,৯১,৮১,০০০ |
| (ঘাটতি)/ সাশ্রয় | ৮১,১১,৬৯,০০০ | ৫৬,৩৫,০০০ | ১০,৯৩,৬৫,০০০ | ৯২,৬১,৬৯,০০০ |

৩. আগামী ২০২৬-২০২৭ইং সালের জন্য নগদ মূলধনী, দাতব্য এবং রাজস্ব খাতে আয় ব্যয়ের নিম্নরূপ প্রস্তাবনা বিগত ২০-০৬-২০২৬ইং তারিখে নির্বাহী কমিটির মিটিং এ সাধারণ সভায় অনুমোদন প্রয়াসে উপস্থাপনের জন্য অনুমোদিত হয় ঃ

| | মূলধণী খাতে | দাতব্য খাতে | রাজস্ব খাতে | সর্বসাকূল্যে |
|---|---|---|---|---|
| মূলধন তহবিল | {৭,০০,০০,০০০} | - | - | {৭,০০,০০,০০০} |
| আয়/ উন্নয়ন ফিঃ | ৬,০০,০০,০০০ | ১,৮০,০০,০০০ | ২,০৭,৮০,০০,০০০ | ২১৫,৬০,০০,০০০ |
| ব্যয় | ৫৩,২০,০০,০০০ | ১,৬০,০০,০০০ | ২০৪,৯৩,৬০,০০০ | ২৫৯,৭৩,৬০,০০০ |
| উদ্বৃত্ত/(ঘাটতি) | (৪৭,২০,০০,০০০) | ২০,০০,০০০ | ২,৮৬,৪০,০০০ | (৪৪,১৩,৬০,০০০) |

৪। নিরীক্ষা প্রতিবেদনটি বিরূপ মন্তব্যহীন। সম্পূর্ণ নিরীক্ষা প্রতিবেদন এবং বাজেটের পূর্ণ বিবরন (০০০ টাকায়) নিম্নে মুদ্রিত আকারে উপস্থাপন করা হল।

অধ্যক্ষ ড. মোহাম্মদ সানাউল্লাহ
ট্রেজারার
চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল।

CamScanner